

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ফেব্রুয়ারি ২৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ : ১ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৮.১২.১৪৪।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে Nestle Bangladesh Limited এর কারখানাকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৩, ১০৫ এবং ১১৪(১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২৫ মার্চ, ২০১৭ হতে ২৪ সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :—

শর্তাবলী :

- (১) কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০ (ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাইবে না।
- (২) অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে।
- (৩) প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১(এক) দিন করে সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- (৪) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত কাজে নিয়োগ করা যাইবে।

২। ইহা ১১ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ/২৫ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাকিলা জেরিন আহমেদ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮৪১)

মূল্য : টাকা ৪.০০